

## বিদেশে চাকরি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের 'বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) বিদেশে জনশক্তি প্রেরণের একমাত্র সরকারি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দেশের স্বল্পদক্ষ, দক্ষ ও পেশাজীবী অভিবাসন কর্মীদের নৈতিক নিরাপদ ও স্বল্প ব্যয়ে বৈদেশিক কর্মসংস্থান নিশ্চিত করে।

### সরকারিভাবে জর্ডানে মহিলা গার্মেন্টস অপারেটর নিয়োগ

- ◆ জর্ডানের শ্রম আইনে নিযুক্ত এসব কর্মী বিনা খরচে থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা সুবিধা পেয়ে থাকে।
- ◆ নিয়োগকর্তা নির্বাচিত কর্মীদের যাতায়াতের বিমান ভাড়া ও অন্যান্য খরচ বহন করে থাকে।
- ◆ গার্মেন্টস ভেদে মাসিক বেতন কম বেশি ২০,০০০-২৫,০০০ টাকা।
- ◆ প্রার্থীর বয়স ১৮-৩৯ বছরের মধ্যে হতে হবে।

### সরকারিভাবে হংকং-এ ফিমেল ডোমেস্টিক হেলপার নিয়োগ

- ◆ বয়স ২৫-৩৫ বছরের মধ্যে হলে বায়োডাটা ([hongkongcvboesl@gmail.com](mailto:hongkongcvboesl@gmail.com)) ইমেইলে প্রেরণ/আবেদন করতে হবে।
- ◆ শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণী/জেএসসি/জেডিসি হতে হবে। ক্যান্টনিজ (চাইনিজ) ভাষায় প্রশিক্ষিত হতে হবে
- ◆ নিয়োগকর্তা থাকা ও খাওয়া ও প্রাথমিক চিকিৎসা খরচ বহন করবে।
- ◆ সর্বসাকুল্যে বেতন হংকং ডলারে ৪৩৩০ (প্রায় ৫১,০০০ টাকা)
- ◆ পাসপোর্ট না থাকলেও আবেদন করা যাবে, তবে নির্বাচিত প্রার্থীর পরে নিজ দায়িত্বে পাসপোর্ট করতে হবে।
- ◆ বিমান ভাড়া ও অন্যান্য ব্যয় সাকুল্যে ১,৬৫,০০০ টাকা হতে পারে।

### কর্মী সংগ্রহের স্থান

'বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) প্রতি শুক্রবার সকাল ৮:০০ ঘটিকা হতে নিম্ন বর্ণিত ০৩ (তিন)টি স্থানে কর্মী বাছাই করে।

০১. শেখ ফজিলাতুন নেশা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দারুস সালাম, মিরপুর ১, ঢাকা।
০২. বাংলাদেশ কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, দারুস সালাম, মিরপুর ১, ঢাকা।
- ০৩ বাংলাদেশ জার্মান টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, মিরপুর ২, ঢাকা।

### নির্বাচনের জন্য ডকুমেন্টস

(ক) বায়োডাটা, (খ) ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ব্যাকগ্রাউন্ড সাদা), (গ) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবি যুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন এবং ০৪ (চার) সেট সাদা-কালো ফটোকপি, (ঘ) বর্তমান অফিসের পরিচয়পত্র বা হাজিরা কার্ড, (ঙ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদ (প্রয়োজ্য ক্ষেত্রে) সঙ্গে আনতে হবে।

প্রচারে:

উপপরিচালক এর কার্যালয়  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
চাঁপাইনবাবগঞ্জ।